দেশব্যাপী খুন, রাহাজানি ও নারী—শিশু ধর্ষণের প্রতিবাদে নরসিংদীতে মানববন্ধন

নরসিংদী- নরসিংদীসহ দেশব্যাপী খুন, রাহাজানি ও নারী—শিশু ধর্ষণের প্রতিবাদে রবিবার(২৩ মার্চ) নরসিংদী প্রেস ক্লাবের সম্মুখে পিস ফ্যাসিলিটিটেটর গ্রুপ (পিএফজি) নরসিংদী সদর এর আয়োজনে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে। সংঘাত নয়, শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গড়ি এই প্রত্যাশা নিয়ে মানববন্ধনে বক্তব্য রাখেন হাঙ্গার প্রজেক্টের বিভাগীয় কো—অর্ডিনেটর রিপন আচার্য, জেলা অ্যাম্বাসেডর ইঞ্জি: মোশারফ হোসেন, জেলা কো—অর্ডিনেটর হলধর দাস, অ্যাম্বাসেডার এম মোজাম্মেল হক, মনজিল এ মিল্লাত, দেলোয়ার ভূঞা, মুক্তিযোদ্ধা শহীদুল্লাহ খন্দকার, মকবুল হোসেন, ফররুখ আহমেদ প্রমুখ।